

# জাতীয় দুর্ভোগ প্রস্তুতি দিবস ২০১৬

## National Disaster Preparedness Day 2016

১০ মার্চ ২০১৬

“দুর্ভোগে পাবো না ভয়, দুর্ভোগকে আমরা করবো জয়”



### ভূমিকম্পের সময় আপনার করণীয়

- ভূকম্পন অনুভূত হলে আতঙ্কিত হবেন না।
- ভূকম্পনের সময় বিছানায় থাকলে বালিশ দিয়ে মাথা ঢেকে টেবিল, ডেস্ক বা শক্ত কোন আসবাবপত্রের নিচে আশ্রয় নিন।
- রান্না ঘরে থাকলে গ্যাসের চুলা বন্ধ করে দ্রুত বেরিয়ে আসুন।
- ঘরের ভিতর অবস্থানকালে বীম, কলাম ও পিলার ঘেষে আশ্রয় নিন।
- শিক্ষা প্রতিষ্ঠানে অবস্থানকালে স্কুল ব্যাগ মাথায় দিয়ে শক্ত বেঞ্চ অথবা শক্ত টেবিলের নিচে আশ্রয় নিন।
- ঘরের বাইরে থাকলে গাছ, উঁচু বাড়ি, বৈদ্যুতিক খুঁটি থেকে দূরে খোলাস্থানে অবস্থান করুন।
- গার্মেন্টস ফ্যাক্টরী, হাসপাতাল, মার্কেট ও সিনেমা হলে থাকলে বের হওয়ার জন্য দরজার সামনে ভিড় কিংবা ধাক্কাধাক্কি না করে দুহাতে মাথা ঢেকে বসে পড়ুন।
- ছইল চেয়ারে বসা অবস্থায় চাকা লক করে হাত দিয়ে মাথা ঢেকে বসুন।
- ভাঙ্গা দেয়ালের নিচে চাপা পড়লে বেশি নড়াচড়ার চেষ্টা করবেন না। কাপড় দিয়ে মুখ ঢেকে রাখুন যাতে ধুলা বালি শ্বাসনালিতে না ঢেকে।
- একবার কম্পন হওয়ার পর আবারও কম্পন হতে পারে। তাই সুযোগ বুঝে বের হয়ে খালি জায়গায় আশ্রয় নিন।
- উপর তলায় থাকলে কম্পন বা ঝাঁকুনি না থামা পর্যন্ত অপেক্ষা করতে হবে; তাড়াহুড়ো করে লাফ দিয়ে বা লিফট ব্যবহার করে নামা থেকে বিরত থাকুন।
- কম্পন বা ঝাঁকুনি থামলে সিঁড়ি দিয়ে দ্রুত বেরিয়ে পড়ুন এবং খোলা আকাশের নিচে অবস্থান নিন।
- গাড়িতে থাকলে ওভার ব্রীজ, ফ্লাইওভার, গাছ ও বৈদ্যুতিক খুঁটি থেকে দূরে গাড়ি থামান। ভূকম্পন না থামা পর্যন্ত গাড়ির ভিতর থাকুন।
- ব্যাটারীচালিত রেডিও, টর্চলাইট, পানি এবং প্রাথমিক চিকিৎসার সরঞ্জাম বাড়িতে রাখুন।
- বিল্ডিং কোড মেনে ভবন নির্মাণ করুন।

“দুর্ভোগ ব্যবস্থাপনায় প্রস্তুতি গ্রহণ করি, ভয়কে জয় করি, সোনার বাংলা গড়ে তুলি”



দুর্ভোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
দুর্ভোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

